বিশ্বমানের জাতীয়
পরিসংখ্যান ব্যবস্থা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
প্রশাসন-৩ শাখা
www.sid.gov.bd

নং-৫২.০০.০০০০.০০৭.৩১.০১১.২২-৪১২

তারিখঃ ২২ আষাঢ়, ১৪২৯ / ০৬ জুলাই, ২০২২

বিষয়: পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের নাগরিক সেবা সনদ বা সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter) হালনাগাদকরণ ও সেবা গ্রহীতাদের মতামত পরিবীক্ষণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের নাগরিক সেবা সনদ বা সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter) হালনাগাদকরণ ও সেবা গ্রহীতাদের মতামত পরিবীক্ষণ সংক্রান্ত গঠিত কমিটির সভার কার্যবিবরণী ও সেবা পরিবীক্ষণ সংক্রান্ত প্রতিবেদন (এপ্রিল-জুন, ২০২২) পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক-২৮ (আটাশ) পাতা।

6/7/22
মোঃ আতিক এস.বি.সাত্তার
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৫৫০০৭০৭৭

সচিব
সমন্বয় ও সংস্কার
মন্ত্রিপরিষদ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(দৃ: আ: উপসচিব, সুশাসন অধিশাখা)।

নং-৫২.০০.০০০০.০০৭.৩১.০১১.২২-৪১২

তারিখঃ ২২ আষাঢ়, ১৪২৯ / ০৬ জুলাই, ২০২২

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। যুগ্মসচিব (প্রশাসন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
২। সিনিয়র সহকারী সচিব (সমন্বয় ও সংস্কার), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
৩। সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪। প্রোগ্রামার (আইসিটি), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
৫। অফিস কপি।

6/7/22
মোঃ আতিক এস.বি.সাত্তার
সিনিয়র সহকারী সচিব

## সংযোজনী ৮: সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা, ২০২১-২০২২

| কার্যক্রমের ক্ষেত্র | মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৯-২০ | প্রকৃত অর্জন ২০২০-২১ | লক্ষ্যমাত্রা ২০২১-২০২২ | | | | | প্রমাণক | এপ্রিল-জুন ২০২১-২০২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| প্রাতিষ্ঠানিক | ১০ | [১.১] সেবা প্রদান প্রতিশ্রুতি পবিবীক্ষণণ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন | [১.১.১] সিদ্ধান্ত বাস্তবায়িত | % | ৫ | - | - | ১০০% | - | - | - | - | মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের কপি | ১০০% |
| | | [১.২] সেবা প্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদকরণ | [১.২.১] ওয়েবসাইটে প্রতি ত্রৈমাসিকে হালনাগাদকরণ | সংখ্যা | ৫ | - | - | ৪ | ৩ | - | - | - | ওয়েবসাইটের লিংক | ৪ |
| সক্ষমতা অর্জন ও পরিবীক্ষণ | ১৫ | [২.১] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক প্রশিক্ষণ আয়োজন | [১.১.১] প্রশিক্ষণ আয়োজিত | সংখ্যা | ১০ | - | - | ৪ | ৩ | ২ | ১ | - | প্রশিক্ষণ সংক্রান্ত অফিস আদেশ ও হাজিরা সিট | ৪ |
| | | [২.২] সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন | [১.৩.১] অবহিতকরণ সভা অনুষ্ঠিত | সংখ্যা | ৫ | - | - | ২ | ১ | - | - | - | সভার নোটিশ ও হাজিরা | ২ |

৫/৭/২২

মো: আতিক এস. বি. সাত্তার
সিনিয়র সহকারী সচিব
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়

বিশ্বমানের জাতীয়
পরিসংখ্যান ব্যবস্থা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
প্রশাসন-৩ শাখা
www.sid.gov.bd

তারিখঃ ২১ আষাঢ়, ১৪২৯
০৫ জুলাই, ২০২২

নং-৫২.০০.০০০০.০০৭.৩১.০১১.২২-৪৯১

বিষয়: পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের নাগরিক সেবাসনদ বা সেবাপ্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter) হালনাগাদকরণ ও সেবা গ্রহীতাদের মতামত পরিবীক্ষণ কমিটির সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ আবু বকর সিদ্দিক<br>অতিরিক্ত সচিব (প্রশাসন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ |
| সভার তারিখ ও সময় | : | ০৫ জুলাই ২০২২ (মঙ্গলবার), বিকাল ৪.০০ টায় |
| সভার স্থান | : | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সভা কক্ষ |
| সভার উপস্থিতি | : | পরিশিষ্ট-ক |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর সভাপতির অনুমতিক্রমে জনাব এ.এফ.এম. ফিরোজ মাহমুদ, সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-৩) গত ৩১/০৩/২০২২ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করেন। কোন সংশোধন না থাকায় তা সর্বসম্মতিক্রমে সভায় অনুমোদিত হয়। অত:পর তিনি উপস্থিত সদস্যদের নিকট মতামত আহবান করেন। এ পর্যায়ে জনাব এ.এফ.এম. ফিরোজ মাহমুদ, সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-৩) সভাকে অবহিত করেন যে, 'সবার আগে নাগরিক' এ মূলমন্ত্রকে কেন্দ্র করে জিআইইউ'র কার্যক্রম আবর্তিত। সাংগঠনিক কর্মপরিধির অংশ হিসেবেই জিআইইউ সূচনালগ্ন থেকে নাগরিক সেবা প্রক্রিয়া সহজিকরণ তথা সেবার মানোন্নয়নে ভুমিকা রাখতে সচেষ্ট রয়েছে। এক্ষণে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ দেশ ও মানুষের কল্যাণে সঠিক পরিকল্পনা গ্রহণে সহায়ক ভূমিকা হিসেবে সময়োপযোগী সঠিক পরিসংখ্যান সরবরাহ করতে কাজ করছে। এ লক্ষ্যে বাস্তবায়নে সংস্কারমূলক কার্যক্রম হিসেবে স্ব-মূল্যায়িত APA প্রস্তুত করেছে। যেখানে নিজস্ব Capacity ও Commitment অনুযায়ী কাজ করার অঙ্গীকার ব্যক্ত করে মন্ত্রিপরিষদ বিভাগে দাখিল করা হয়েছে। সুশাসন প্রতিষ্ঠার অঙ্গীকার হিসেবে নাগরিক সনদ বা সেবাপ্রদান প্রতিশ্রুতি সঠিকভাবে তথ্য সংবলিত করার বিষয়ে সকলকে অনুরোধ করেন। পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের নাগরিক সেবাসনদ বা সেবাপ্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter) নিয়মিত হালনাগাদ করা হচ্ছে বলেও তিনি সভাকে অবহিত করেন। অতঃপর গত ৩১ মার্চ, ২০২২ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী এপ্রিল-জুন, ২০২২ সময়ে কমিটির সদস্যগণ কর্তৃক সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণ সংক্রান্ত তথ্য সভায় উপস্থাপন করা হয়। পরিবীক্ষণকৃত ১০টি সেবা নিম্নরূপ:

(১) স্ব-প্রণোদিত তথ্যপ্রদান নিশ্চিতকরণ (২) পদসৃজন (৩) প্রণয়নকৃত ও প্রক্রিয়াকরণকৃত সকল অফিসিয়াল পরিসংখ্যান প্রকাশনা ও অনুমোদনের ব্যবস্থা গ্রহণ (৪) পদসংরক্ষণ (৫) অস্থায়ী পদ স্থায়ীকরণ (৬) ব্যয় মঞ্জুরি অনুমোদন (৭) বার্ষিক ক্রয় প্রস্তাব (৮) চাকরি স্থায়ীকরণ (৯) পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং আওতাধীন দপ্তর/অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের গৃহনির্মাণ ঋণপ্রদান (১০) পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের আওতাধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর মোটরযান ক্রয়ে অগ্রিম প্রদান।

চলমান পাতা-২

০২। তিনি সভায় আরো জানান যে, ইতোমধ্যে ১ম-৩য় কোয়ার্টারের প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে এবং পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের ওয়েব সাইটে আপলোড করা হয়েছে। সভার সদস্যগণ ৪র্থ কোয়ার্টারের প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ এবং এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের বিষয়ে একমত পোষণ করেন।

০৩। পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের নাগরিক সেবাসনদ বা সেবাপ্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter) হালনাগাদকরণ ও পরিবীক্ষণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সুপারিশ প্রদান করা হয়:

(ক) হালনাগাদকৃত নাগরিক সেবাসনদ বা সেবাপ্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter) ওয়েবসাইটে আপলোড করতে হবে;

(খ) এপ্রিল-জুন, ২০২২ ত্রৈমাসিক প্রতিবেদন চূড়ান্ত করে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে;

০৪। অতঃপর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৫.০৭.2022

(মোঃ আবু বকর সিদ্দিক)
অতিরিক্ত সচিব
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
ও
আহ্বায়ক
সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter)
হালনাগাদকরণ ও সেবা গ্রহীতাদের মতামত পরিবীক্ষণ কমিটি

তারিখঃ ২৯ আষাঢ়, ১৪২৯ / ০৫ জুলাই, ২০২২

নং-৫২.০০.০০০০.০০৭.৩১.০১১.২২-৪৯৯

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। যুগ্মসচিব (প্রশাসন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।

২। সিনিয়র সহকারী সচিব (সমন্বয় ও সংস্কার), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।

৩। সিনিয়র সহকারী সচিব, (প্রশাসন-৩ শাখা), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা, ঢাকা।

৪। প্রোগ্রামার (আইসিটি), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।

৫। সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৬। অতিরিক্ত সচিব (প্রশাসন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।

৭। অফিস কপি।

5/7/22

মোঃ আতিক এস.বি.সাত্তার
সিনিয়র সহকারী সচিব

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী সেবা গ্রহিতাদের মতামত পরিবীক্ষণ (এপ্রিল-জুন, ২০২২):

| ক্র: নং | পরিবীক্ষণকৃত সেবার নাম | সেবা গ্রহিতাদের মতামত | পরিবীক্ষণকারীদের মতামত | সেবার মান বৃদ্ধিতে পরামর্শ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | স্ব-প্রণোদিত তথ্য প্রদান নিশ্চিতকরণ | আরও অধিক তথ্য দেয়া যেতে পারে | বিভিন্ন উপাত্তগত তথ্য সরবরাহ করা যেতে পারে এছাড়া বিভিন্ন শাখা হতে অনুমোদিত ও প্রকাশযোগ্য তথ্যসমূহ ওয়েবসাইটে প্রকাশের জন্য আইসিটি-১ শাখায় পৌঁছানোর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | স্ব-প্রণোদিত তথ্য নিয়মিত হালনাগাদ করা যেতে পারে | |
| ২ | পদ সৃজন | সন্তোষজনক | চাহিদাপত্র পাওয়ার পর যথাযথ আইন ও বিধি অনুসরণ করে পদ সৃজনের কার্যক্রম চলমান আছে। | - | |
| ৩ | প্রণয়নকৃত ও প্রক্রিয়াকরণকৃত সকল অফিসিয়াল পরিসংখ্যান প্রকাশনা ও অনুমোদনের ব্যবস্থা গ্রহণ | সন্তোষজনক | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের অধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক প্রণয়নকৃত অফিসিয়াল পরিসংখ্যান প্রকাশনা ও অনুমোদনের ব্যবস্থা গ্রহণ করা হয়। | - | |
| ৪ | পদ সংরক্ষণ | সন্তোষজনক | বিদ্যমান বিধি-বিধান অনুসরণ করে জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগের সম্মতি গ্রহণ করে সরকারি মঞ্জুরি আদেশ জারি করা হয়। | - | |
| ৫ | অস্থায়ী পদ স্থায়ীকরণ | সন্তোষজনক | বিদ্যমান বিধি-বিধান অনুসরণপূর্বক জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগের সম্মতি গ্রহণপূর্বক সরকারি মঞ্জুরি আদেশ জারি করা হয়। | - | |
| ৬ | ব্যয় মঞ্জুরি অনুমোদন | সন্তোষজনক | অধীনস্থ দপ্তরের প্রস্তাব পাওয়ার পর যথাযথ প্রক্রিয়া সম্পন্ন করার পর সরকারি মঞ্জুরি আদেশ জারি করা হয়। | - | |
| ৭ | বার্ষিক ক্রয় প্রস্তাব | সন্তোষজনক | অর্থবছরের শুরুতেই ক্রয় সংক্রান্ত বিধি-বিধান অনুসরণ করে বার্ষিক ক্রয় প্রস্তাব প্রস্তুত ও প্রকাশ করা হয়। | ক্রয় কার্যক্রমে e-GP এর ব্যবহার বৃদ্ধি করতে হবে। | |
| ৮ | চাকুরি স্থায়ীকরণ | সন্তোষজনক | আবেদন পাওয়ার পর যথাযথ বিধি-বিধান অনুসরণ করে চাকরি স্থায়ী | - | |
| ৯ | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এর আওতাধীন দপ্তর/অধিদপ্তরের কর্মকর্তা/ কর্মচারীদের গৃহনির্মাণ ঋণ প্রদান | সন্তোষজনক | প্রচলিত বিধি-বিধান অনুসরণপূর্বক গৃহনির্মাণ ঋণ মঞ্জুরি আদেশ জারি করা হয়। | - | |
| ১০ | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এর আওতাধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর মোটরযান ক্রয় অগ্রিম প্রদান | সন্তোষজনক | প্রচলিত বিধি-বিধান অনুসরণ করে মোটরযান ক্রয় অগ্রিম মঞ্জুরি আদেশ জারি করা হয়। | - | |

মো: আতিক এস. বি. সাত্তার
সিনিয়র সহকারী সচিব
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়